গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

‘জেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের সাথে মত বিনিময় সভা’ এর কার্যবিবরণী

সভাপতি	ঃ	জনাব আবদুল মালেক
তারিখ	ঃ	৮ মার্চ, ২০১৭
সময়	ঃ	সকাল ৯.০০
স্থান	ঃ	ডিপিএইচই মিলনায়তন, কাকরাইল, ঢাকা

স্থানীয় সরকার বিভাগ এর সচিব জনাব আবদুল মালেক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ‘জেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের সাথে মতবিনিময় সভা’-এ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এমপি, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর , জনাব সুধীর কুমার ঘোষ, জেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানবৃন্দ ও স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’।

২। সভার প্রারম্ভে নরসিংদী ও যশোর জেলা পরিষদের চেয়ারম্যানদ্বয়ের মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ হয় এবং সভায় অংশগ্রহণকারীগণ তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন। সচিব, স্থানীয় সরকার বিভাগ সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্যের শুরুতে তিনি মত বিনিময় সভায় উপস্থিত সকলকে স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে স্বাগত জানান। জেলা পরিষদের ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরে উল্লেখ করেন যে, সৃষ্টির পর হতে ১৩১ বছর অতিক্রান্ত হলেও জেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়নি। মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক ইচ্ছায় গত ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রথমবারের মতো দেশের ৬১টি জেলায় (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচিত জন প্রতিনিধির ভোটে জেলা পরিষদ চেয়ারম্যান ও সদস্য নির্বাচিত হয়েছে। ২১ সদস্য বিশিষ্ট নির্বাচিত পরিষদ ইতোমধ্যেই দায়িত্বভার গ্রহণ করেছে। এ মতবিনিময় সভায় জেলা পরিষদ আইন সম্পর্কে অবহিত হওয়া এবং পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় বিষয়সমূহ সম্পর্কে সম্যক ধারনা প্রাপ্তির সুযোগ হবে মর্মে তিনি উল্লেখ করেন। অতি শীঘ্রই সম্মানিত সদস্যদের জন্যও একটি মতবিনিয়ম সভা/ওরিয়েন্টেশন এর আয়োজন করা হবে মর্মেও তিনি জানান। মাননীয় মন্ত্রীর সদয় নির্দেশনায় এ মত বিনিময় সভা আয়োজিত হওয়ায় তিনি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানান।

৩। জেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দের পক্ষে জনাব গোলাম মহীউদ্দীন, চেয়ারম্যান, জেলা পরিষদ, মানিকগঞ্জ, খান মোশারফ হোসেন, চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী, বেগম ছাফিয়া খানম, চেয়ারম্যান, জেলা পরিষদ, রংপুর, জনাব মোহাম্মদ আবদুস সালাম, চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম এবং জনাব মো: মহিউদ্দিন, চেয়ারম্যান, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ বক্তব্য প্রদান করেন। বক্তাগণ তাদের বক্তব্যে জেলা পরিষদকে আরো কার্যকর করার বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ আর্থিক বরাদ্দ বৃদ্ধির সুপারিশ করেন।

৪। সভার প্রধান অতিথি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এমপি তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, তৎকালীন বৃটিশ শাসনামলে ১৮৮৫ সনের Local Self Government Act প্রণয়নের মধ্য দিয়ে বর্তমান জেলা পরিষদের যাত্রা শুরু হয়। দীর্ঘ সময় অতিবাহিত হলেও নির্বাচিত জনপ্রতিনিধির মাধ্যমে জেলা পরিষদ পরিচালিত হয়নি। বর্তমান গণতান্ত্রিক সরকার জেলা পরিষদ নির্বাচনের আয়োজন করে স্থানীয় সরকারের সকল স্তরে নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে সুশাসন নিশ্চিত করার সুযোগ সৃষ্টি করেছে। জেলা পরিষদ আইন ২০০০ সালে প্রণীত হয়েছে এবং ২০১৬ সালে এ আইনটি সংশোধন করে যুগোপযোগী করা হয়েছে। বিদ্যমান আইনের মাধ্যমে নির্বাচিত জেলা পরিষদ পরিচালিত হবে এটাই সকলের কাম্য। নির্বাচিত জেলা পরিষদ সঠিকভাবে পরিচালিত হলে জনগণের আশা আকাঙ্খার সফল বাস্তবায়নের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন সফল করবে বলে তিনি সভায় দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো জানান যে, নির্বাচিত জেলা পরিষদ সবেমাত্র যাত্রা শুরু করেছে। এর কিছু সমস্যা থাকা স্বাভাবিক। সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনা করে পর্যায়ক্রমে যৌক্তিক সমস্যাগুলো বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে। জেলা পরিষদের চেয়ারম্যানগণ জনগণের কাছাকাছি থাকেন, তাঁরা জনগণের সমস্যা, অভাব অভিযোগ সম্পর্কে সম্যক ভাবে অবহিত। পাশাপাশি জনগণও সমস্যা সমাধানের বিষয়ে তাদের উপর নির্ভরশীল। এ প্রেক্ষাপট বিবেচনায় এনে নির্বাচিত জেলা পরিষদ চেয়ারম্যান ধৈর্য ও সহনশীলতার সাথে কাজ করে এলাকা সার্বিক উন্নয়নে সচেষ্ট থাকবেন সে আশাবাদ ব্যক্ত করেন।

৫। সভায় জেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের উপস্থাপিত মতামত/ সুপারিশ পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রমিক	গৃহীত সিদ্ধান্তসমূহ
১.	জেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দের সুপারিশ অনুযায়ী মনোগ্রাম পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করা হবে।
২.	জেলা পরিষদের বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধনের মাধ্যমে প্রয়োজনীয় জনবল বৃদ্ধির ব্যবস্থা করা হবে
৩.	এপ্রিল ২০১৭ এর মধ্যে জেলা পরিষদের সদস্যবৃন্দের জন্য ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪.	জেলা পরিষদের জন্য প্রয়োজনীয় বিধিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করা হবে।
৫.	জেলা পরিষদে কর্মরত প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে ম্যাজিস্ট্রেরিয়াল ক্ষমতা প্রদানের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে।
৬.	জেলা পরিষদের চেয়ারম্যানদের জন্য দৃষ্টি নন্দন বাসভবন তৈরীর জন্য অতি শীঘ্র ড্রইং ডিজাইন ও প্রাক্কলন চুড়ান্ত করা হবে।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
তাং-২৭/৩/২০১৭
(আবদুল মালেক)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং-৪৬.০৪২.০২৫.০২.০০.০০২.২০১৪.৭১২	তারিখ ঃ ২০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ ৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ------------------------।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ----------------------------।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩/৪/১৭

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮